গাংনীতে ইউপি চেয়ারম্যান ও তার সহধর্মিণীর ঈদ উপহার বিতরণ

মেহেরপুরের গাংনীর কাথুলী ইউনিয়নের প্রতিটি গ্রামের অসহায় গরীব দুঃখী মানুষের মাঝে ঈদ উপহার তুলে দিলেন ইউপি চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা ও তার সহধর্মিণী সারমিন সুলতানা।

গতকাল বৃহস্পতিবার রাতের আধারে ইউনিয়নের প্রতিটি গ্রামে অসহায় মানুষের বাড়িতে বাড়িতে যেয়ে ঈদ উপহার তুলে দেন।

এসময় ইউপি চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা জানান, করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবে অসহায় কর্মহীন মানুষ গুলো কে যেন ঈদ আনন্দ থেকে বঞ্চিত না হতে হয় সেই জন্যেই আমার এই উপহার।

চেয়ারম্যানের সহধর্মিণী সারমিন সুলতানা বলেন, ঈদের বাজার সহ তাদের মাংস কেনার জন্যে ৩০০ টাকা করে দেওয়া হচ্ছে যাতে করে তারা সুন্দর ভাবে ঈদের আনন্দ টুকু উপভোগ করতে পারেন।

গাংনীর পৃথক স্থানে হামলার ঘটনায় ৩ জন আহত

মেহেরপুরের গাংনী উপজেলায় পৃথক স্থানে হামলার ঘটনায় বাবা-ছেলেসহ ৩ জন আহত হয়েছে। আহতরা হলো, গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়নের ভোমরদহ গ্রামের গোলাম হোসেনের ছেলে মোস্তফা আলী (৫০) ও তার ছেলে ওমর ফারুক (৩০)।

বৃহস্পতিবার (২১ মে) দুপুরের দিকে ভোমরদহ গ্রামে এ হামলার ঘটনা ঘটেছে।

হাসপাতাল সূত্রে জানা গেছে, ভোমরদহ গ্রামের খোকন আলীর ছেলে নাজমুল হোসেন এক প্রতিবেশীর স্ত্রীকে নিয়ে পালিয়ে যাওয়ার পর বিয়ে করে। পরে বাড়ি ফিরে আসেন। তার বিয়ের বিষয় নিয়ে প্রতিবেশী

ওমর ফারুক লোক সমাজে গল্প করেছিলেন।

এনিয়ে সম্প্রতি নাজমুল ক্ষিপ্ত হয়ে ওমর ফারুক ও তার পরিবারকে হামলা করে রক্তাক্ত জখম করেছিলেন। হামলা করার অপরাধে গ্রাম্য সালিসে নাজমুলকে জরিমানা করেছিলেন সালিসকারীরা। জরিমানার জের ধরে বৃহস্পতিবার দুপুরে ওমর ফারুক ও তার বাবা মোস্তফাকে পূনরায় নাজমুল হামলা চালিয়ে আহত করেন।

এসময় প্রতিবেশীরা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লক্সে ভর্তি করেন।

অন্যদিকে একই সময়ে উপজেলার রাইপুর ইউনিয়নের শালদহ গ্রামে এক বৃদ্ধকে হামলা চালিয়ে আহত করা হয়েছে। আহত ওই বৃদ্ধ হলেন-শালদহ গ্রামের হাজী মোহাম্মদ মিনহাজ উদ্দীনের ছেলে তৌহিদুল ইসলাম (৬৭)।

স্থানীয়রা জানান, শালদহ গ্রামের সানোয়ার হোসেনের সাথে একই গ্রামের মৃত আমির উদ্দীনের ছেলে আনারুল ইসলামের বিরোধ চলছিল। এনিয়ে সানোয়ারের চাচাতো ভাই তৌহিদুলকে একা পেয়ে আনারুল হামলা চালিয়ে রক্তাক্ত জখম করেন।

এসময় প্রতিবেশীরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লক্সে ভর্তি করেন।

মেহেরপুরের গাংনীতে সাংবাদিকদের পিপিই প্রদান করলেন- এমপি

গাংনীতে সাংবাদিকদের পিপিই প্রদান করলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গতকাল বুধবার দুপুরে তাঁর নিজস্ব বাসভবন থেকে ২০ জন সাংবাদিককে এ পিপিই প্রদান করা হয়। পিপিই প্রদানকালে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি

বলেন, বৈশিক করোনা ভাইরাসের কারণে বিশ্বের বিভিন্ন দেশ আক্রান্তের শিকার হয়েছে। বাংলাদেশও এ থেকে রক্ষা পায়নি। দেশের এ ক্রান্তিকালে কেবলমাত্র প্রশাসনের লোকজন, স্বাস্থ্য কর্মী এবং সাংবাদিকরা ঝুঁকি নিয়ে দেশের অসহায় মানুষের পাশে থেকে নিরলসভাবে কাজ করে চলেছেন।

এরই ধারাবাদিকতায় সাংবাদিকরা সঠিক তথ্য দেশের প্রকৃত চিত্র দর্শক ও পাঠকদের উপযোগী করে তুলে ধরার জন্য সারাক্ষণ মাঠে কাজ করে চলেছেন। সাংবাদিকদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে এমপি সাহিদুজ্জামান খোকন গাংনী উপজেলার সাংবাদিকদের ব্যক্তিগত উদ্যোগে পিপিই প্রদান করেন।

পিপিই পেয়ে সাংবাদিকদের মধ্যে কর্ম চাঞ্চল্য ফিরে এসেছে। পিপিই প্রদানের জন্য এমপি সাহিদুজ্জামানকে অভিনন্দন জানিয়েছে সকল সাংবাদিকরা।

গাংনীতে জমিজমা সংক্রান্ত বিরোধে প্রতিপক্ষের হামলায় মা মেয়েসহ তিনজন আহত

মেহেরপুরের গাংনী উপজেলার বাশবাড়িয়ো উত্তর পাড়ায় জমিজমা সংক্রান্ত বিরোধে প্রতিপক্ষের হামলায় মা মেয়ে সহ তিনজন আহত হয়েছে। গতকাল বুধবার দুপুরে নিজ বাড়ি থেকে তুলে নিয়ে তাদেরকে মারধর করে বলে অভিযোগ ভুক্তভোগীদের।

আহতরা হলেন, বাশবাড়িয়া উত্তরপাড়ার রাইস মিল শ্রমিক মাফিকুলের স্ত্রী আরিফা খাতুন (৪০), বড় মেয়ে লাবনি আক্তার বর্ষা, ও শিশু কন্যা মেঘনা খাতুন (৭)। আহতদের স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত আরিফা খাতুন জানায়, বুধবার দুপুরে বাশবাড়িয়া উত্তর ইউনুছ আলীর ছেলে মুজাম, রুহুলের ছেলে বাবুল, মুন্তাজ ও বেদেনা খাতুন

আরিফার বাড়িতে প্রবেশ করে তাকে মারধর করে। আরিফার আত্নচিৎকারে তাকে ঠেকাতে মেয়ে বর্ষা এগিয়ে আসলে তাকেও মারধর করে এসময় শিশু কন্যা মেঘনা এগিয়ে আসলে তাকেও মারধর করা প্রতিপক্ষ মুজামের লোকজন।

স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। আরিফার স্বামী মাফিকুল জানায়, বেশ কয়েকদিন ধরে মুজাম ও রুহুলের লোকজন তাদের ভয়ভীতি দেখাচ্ছেন। তিনি সকালে বাড়ি থেকে রাইসমিলে কাজে আসেলে তার স্ত্রী ও দুই কন্যাকে একা পেয়ে মুজাম ও রুহুলের লোকজন তাদের মারধর করে।
এদিকে স্থানীয়রা এবং মুজাম, রুহুলের ছেলে বাবুল ও বেদেনা জানায়, আরিফা ও তার মেয়েদের কে কেউ মারধর করেনি। তারা তাদের নিজের শরীরে কাদা মেখে মিথ্যা মামলায় ফাঁসানোর চেষ্টা করছে।

বেদেনা জানায়, কয়েকদির আগে আরিফা ও তার লোকজন আমাদের মারধর করলে আমরা গাংনী থানায় অভিযোগ করি। একারনে তারা নিজেদের শরীরে কাদা মেখে মারধরের অভিযোগ করছে। এছাড়াও আরিফার লাঠির আঘাতে রুহুল গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। গতকাল আমরা আরিফার বিরুদ্ধে থানায় অভিযোগ করায় আজকে সে এধরনের নাটক সাঁজিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয়রা জানায়, আরিফা বিভিন্ন সময় বিভিন্ন ভাবে অন্যের জমি জোর দখল করতে চাই। দখলে নেয়া জমি টিকিয়ে রাখতে নিজের শরীরে নিজে আঘাত করে অন্যকে মামলায় ফাঁসিয়ে সুবিধা আদায় করে। সে অধিকাংশ প্রতিবেশির নামে মামলা দিয়ে হয়রানি করে আসছে বলেও স্থানীয়দের অভিযোগ।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, এ বিষেয়ে এখনো কেউ অভিযোগ করেনি । অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে শ্রমজীবী ও অসচ্ছল

ব্যাক্তিদের হাতে চেক তুলে দিলেন এমপি খোকন

মেহেরপুরের গাংনী উপজেলার শ্রমজীবী ও অসচ্ছল ৩৯ জনের মাঝে চেক প্রদান করেছে শ্রমও কল্যাণ কর্ম সংস্থান মন্ত্রনালয়।

মঙ্গলবার বেলা ১১ টায় মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন তার নিজ বাসভবনে উপস্থিত থেকে ৩৯ জন শ্রম জীবী মানুষের মাঝে এই চেক বিতরণ করেন।

এই উপজেলার শ্রমজীবি অস্বচ্ছল মানুষের আবেদনের ভিত্তিতে শ্রম ও কর্ম সংস্থান কল্যাণ মন্ত্রনালয় ৩৯ জন মানুষের মাঝে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা বরাদ্দ দিয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন কুষ্টিয়া অঞ্চলের শ্রম অধিদপ্তরের সহকারি পরিচালক সিরাজুল ইসলাম, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুর রহমান কমল, গাংনী উপজেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের আহবায়ক রবিউল ইসলাম প্রমুখ।

মেহেরপুরের গাংনীতে জেলা ছাত্রদল ও বিএনপি’র উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনীতে করোনায় কর্মহীন হয়ে পড়া অসহায় পরিবারের মাঝে জেলা ছাত্রদল সাহারবাটি ইউনিয়ন ও উপজেলা বিএনপি কাথুলী ইউনিয়নে খাদ্য সামগ্রী বিতরণ করেছে।

মেহেরপুর জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের সার্বিক সহযোগীতায় মঙ্গলবার সকাল ৬ টায় বাংলাদেশ জেলা

জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে লকডাউনে থাকা ২২০টি কর্মহীন ও অসহায় পরিবারকে এ সহায়তা প্রদান করা হয়।

পরে সকাল ৭ টার সময় কাথুলী ইউনিয়নের রামকৃষ্ণপুর ধলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে উপজেলা বিএনপি’র উদ্যোগে ২০০ পরিবারের মাঝে এ খাদ্য প্রদান করা হয়। উপজেলা বিএনপি’র সভাপতি ও তেতুলবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

এছাড়াও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, যুবদল নেতা আক্তারুজ্জামান, জেলা বিএনপির সাহিত্য ও প্রকাশনা বিষয়ক সম্পাদক প্রভাষক আক্তাজ্জামান, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাউছার আলী,

গাংনী উপজেলা স্বেচ্ছা সেবক দলের সভাপতি শহিদুল ইসলাম, বিএনপি নেতা জাফর আকবর, হাসানুজ্জামান, সাহেব আলী সেন্টু, সাবেক ছাত্রদল নেতা আক্তারুজ্জামান লাভলু, কামরুল ইসলাম, বিএনপি নেতা সাহিদুল ইসলাম, জামাল আহমেদ, সালাউদ্দীন, জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হোসেন, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, যুগ্ম আহবায়ক নাসিম খাদ্য বিতরণ কাজে উপস্থিত ছিলেন।

গাংনীতে কাথুলী থেকে প্রেমিক-প্রেমিকা আটক

মেহেরপুরের গাংনী কাথুলী ইউনিয়নের গাড়াবাড়ীয়া গ্রামে অভিযান চালিয়ে মাগুড়ার এক প্রবাসীর বউকে তার প্রেমিকসহ আটক করেছে ঝিনাইদহ পিবিআই ইউনিট।
আজ সোমবার ভোর ৬টার দিকে এ অভিযান চালানো হয়।
ঘটনা সূত্রে জানা যায়, মাগুড়ার এক প্রবাসীর স্ত্রী মোছাঃ লাকী খাতুন কে মিরাজ নামের এক ব্যাক্তি নিয়ে পালিয়ে যায়। এবং তারা

পালিয়ে এসে আশ্রয় গ্রহন করেন গাড়াবাড়ীয়া গ্রামের জিয়ারুল ইসলাম এর বাড়ি।
জিয়ারুল ইসলাম জানান, কিছুদিন আগে আমার কাছে আমার বাসা ভাড়া নেওয়ার জন্য আসেন এমত অবস্থায় আমি তার পরিবারের পরিবারের সদস্য সংখ্যা জিঙ্গেস করি মিরাজ জানান তিনি আর তার স্ত্রী থাকবেন এবং বাসার মাসের ভাড়া নির্ধারন করে তাদের কে আমার বাসা ভাড়া দিই। স্থানীয়রা জানান, মিরাজ পেশায় একজন রাজ মিস্ত্রী। আর তিনি এখানে এসে মিস্ত্রিকাজ করে বেড়ান। মিস্ত্রি কাজ করে বাসা ভাড়া দিয়ে থেকে কি ভাবে চলবেন নিজ বাসায় থাকায় তো ভালো স্থানীয়রা এ কথা জিজ্ঞেস করলে তিনি জানান বাসায় পারিবারিক সমস্যা নিয়ে ঝগড়া করে আমরা এসেছি কয়েকমাস পর আমাদের সমস্যা সমাধান হলেই চলে যাবো বলে জানান মিরাজ।
পিবিআই ইউনিটের এস আই হুমায়ুন কবির জানান, মোছাঃ লাকী খাতুন মাগুড়ার বাসিন্দা এক প্রবাসীর স্ত্রী। লাকী খাতুন কে বের করে নিয়ে আসার অভিযোগে ঝিনাইদহ পিবিআই ইউনিটে নারী ও শিশু নির্যান মামলা করেন তার স্বামী। যার কেস নাম্বার ৩৯/২০। পরে মামলার তদন্আতে বেরিয়ে আসে আসামি পালিয়ে এখানে আশ্রয় গ্রহন করেছেন। গাংনী ধলা এস আই জাহিদ কে সাথে নিয়ে বাড়ি আটক করি। প্রবাসির বউ সহ প্রেমিককে গ্রেপ্তার করি।

গাংনীতে ধান কেটে কৃষকের বাড়িতে পৌঁছে দিলেন স্বেচ্ছাসেবক লীগ

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা কৃষকের ধান কেটে বাড়িতে পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করছেন।

গতকাল রোববার সকাল ১০ টার দিকে হাড়াভাঙ্গা দাড়ি পোড়ার মাঠে স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা খেজমত আলী নামক প্রবাসীর ধান কেটে বাড়িতে পৌঁছে দেয়।

এ সময় জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ধানকাটা কার্যক্রমের উদ্বোধন করেন।

তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র নির্দেশে অসহায় গরীব চাষীদের ফসল তাদের ঘরে তুলে দেওয়ার যে
নির্দেশনা তারই ধারাবাহিকতায় স্বেচ্ছাসেবক লীগের সদস্যরা নিরলস ভাবে কাজ করে চলেছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডক্টর সেফটি বক্স স্থাপন

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা নিতে আসা রোগীদের করোনা ও ডেঙ্গু রোগী সনাক্ত করার জন্য ডক্টরস সেফটি বক্স স্থাপন করা হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের সম্মুখে টিকিট কাউন্টারের সাথে চিকিৎসকদের জন্য সেফটি বক্স স্থাপন করা হয়।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর সিভিল সার্জন নাসিরুদ্দীন প্রধান হিসেবে উপস্থিত থেকে সেফটি বক্সের উদ্বোধন করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলমের সভাপতিত্বে আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া সুলতানা, স্বাস্থ্য প্রকৌশল খুলনা বিভাগীয় তত্বাবধায়ক কাজী সামসুল আলম, কুষ্টিয়া আঞ্চলিক প্রকৌশলী জলিলুর রহমান, চুয়াডাঙ্গা আঞ্চলিক প্রকৌশলী গরেশ চন্দ্র সিংহ উপস্থিত ছিলেন।

সেফটি বক্সের মধ্যে থেকেই রোগীদের কোন স্পর্শ ছাড়ায় কথাবার্তা বলতে পারবেন এবং রোগীদের সকল ধরনের সেবা দিতে পারবেন। এতে চিকিসকদের চিকিৎসা দিতে কোন প্রকার আপত্তি থাকবে না। চিকিৎসক কিংবা রোগী সকলেই শতভাগ সুরক্ষিত থাকবেন। একই সাথে মুজিবনগর

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ বক্স স্থাপন ও উদ্বোধন করা হয়েছে।

গাংনীতে এসএসসি ২০১৭ ব্যাচের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

মেহেরপুরের গাংনীতে এসএসসি ২০১৭ ব্যাচের উদ্যোগে দুস্থ পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

গত শনিবার দিবাগত রাতে অসহায় পরিবারের বাড়ি বাড়ি গিয়ে এই এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

গাংনীর ২০১৭ ব্যাচের কিছু তরুনের হাত খরচের টাকা দিয়ে ঈদ উপহার গুলো কেনা হয়।

ঈদ উপহারের তালিকায় যা যা ছিল, পোলাও চাল ১ কেজি, সেমাই ১ প্যাকেট, ময়দা ১ কেজি, আলু ১ কেজি, চিনি ৫শ গ্রাম, দুধ ২ প্যাকেট, তেল ৫শ গ্রাম ও মশলা ১ প্যাকেট।
মেপ্র/এমএফআর